MINISTÈRE
DES SOLIDARITÉS
ET DE LA SANTÉ
Liberté
Égalité
Fraternité

আমি অসুস্থ

কোথায় স্বাস্থ্য সেবা পাবো ? কিভাবে জানবো কোথায় যেতে হবে ?

আমি আমার বাড়ি কাছাকাছি চিকিৎসা কেন্দ্র এবং চিকিৎসকদের তালিকা খুঁজে পেতে পারি এই ওয়েব সাইট থেকে http://annuairesante.ameli.frএবং নিম্নোক্ত তথ্য সহায়ক থেকে

আপৎকালীন চিকিৎসার জন্য, 15 অথবা 112 নম্বরে কল করলে আমার শারীরিক অবস্থা অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

হাসপাতালের বাইরে একজন স্বাস্থ্য বিশেষজ্ঞের সঙ্গে পরামর্শ করতে হলে

যেকোনো স্বাস্থ্য সমস্যার ক্ষেত্রে আপনি একজন ডাক্তারের(জেনারেল ফিজিশিয়ান) সঙ্গে পরামর্শ করতে পারেন, যিনি আপনাকে পরীক্ষা করবেন এবং আপনার প্রয়োজনীয় ওষুধগুলি লিখে দেবেন৷যদি আপনার অতিরিক্ত স্বাস্থ্য পরীক্ষা বা চিকিৎসার প্রয়োজন হয়, তাহলে তিনি আপনাকে (বিশেষজ্ঞ) ডাক্তারের কাছে অথবা অন্যান্য স্বাস্থ্য-সহায়তাকারীর(নার্স, ফিজিওথেরাপিস্ট ...) কাছে পাঠাবেন।

ফার্মাসি

প্রেসক্রিপশন অনুযায়ী ওষুধ কেনার জন্য অথবা ডাক্তার কিংবা হাসপাতালে যাওয়ার পরামর্শের জন্য।

চিকিৎসা খরচ আপনার স্বাস্থ্য বীমার আওতাভুক্ত হতে পারে। কার্যকরী পদক্ষেপ নেওয়ার জন্য পৃষ্ঠা 2 দেখুন।

হাসপাতলে

জরুরী অবস্থা
কিছু নির্দিষ্ট পরীক্ষা বা বিশেষজ্ঞ পরামর্শের জন্য অ্যাপয়েন্টমেন্ট

চিকিৎসা পরিকাঠামোতে, আপনার পরিস্থিতি যাই হোক না কেন আপনার জন্য বিনামূল্যে চিকিৎসার

- ব্যবস্থা করা হবে সবরকম চিকিৎসার জন্য, চিকিৎসার স্থায়ী পরামর্শ দান কেন্দ্র (PASS)
- গর্ভবতী মহিলা ও ৬ বছরের কম বয়সী শিশুদের জন্য: পিএমআই কেন্দ্র (PMI)
- যক্ষ্মা জন্য: যক্ষ্মা বিরোধী লড়াই কেন্দ্র (CLAT)
- এইচআইভি, হেপাটাইটিস এবং এসটিআই স্ক্রীনিংয়ের জন্য: সিইজিআইডিডি কেন্দ্র (CeGIDD)
- জন্ম নিয়ন্ত্রণের জন্য : একটি পরিবার পরিকল্পনা কেন্দ্র (CPEF)
- মাদকাসক্তদের জন্য: সিএসএপিএ কেন্দ্র (CSAPA)
- বিশেষ সংস্থাসমূহ।

জানার জন্য

অ বৈষম্য এবং চিকিৎসা গোপনীয়তা: আপনি মূলত কোথাকার তার উপর নির্ভর করে স্বাস্থ্যকর্মীরা (ডাক্তার, নার্স, ডেন্টিস্ট ইত্যাদি) আপনাকে চিকিৎসা করতে অস্বীকার করতে পারেন না। এছাড়াও আপনার স্বাস্থ্যের অবস্থা সম্পর্কিত তথ্য অন্য কোন ব্যক্তি এমনকি কর্তৃপক্ষের কাছেও প্রকাশ নিষিদ্ধ।

পর্যবেক্ষণাধীন চিকিৎসক : ভাল চিকিৎসা এবং তার খরচ ফিরে পেতে আপনি একটি "generalist" ডাক্তার নির্বাচন করুন যিনি আপনার ফলো-আপের দায়িত্বে থাকবেন । আপনার প্রথম পরামর্শের সময় এটি সম্পর্কে আলোচনা করুন ।

সম্পূর্ণ তথ্য না পেলে অথবা আপনার অমতে কোনো প্রকার মেডিকেল কার্যাবলী এবং চিকিৎসা ব্যবস্থা নেওয়া হবে না।

MINISTÈRE
DES SOLIDARITÉS
ET DE LA SANTÉ
Liberté
Égalité
Fraternité

স্বাভাবিক পরিস্থিতির আওতাধীন ইউরোপিয়ান ইউনিয়নের বহির্ভূত তৃতীয় কোন দেশের সকল নাগরিকের জন্য প্রযোজ্য
আগস্ট ২০২০

আপনার চিকিৎসা সেবার তত্ত্বাবধানের জন্য কিভাবে স্বাস্থ্য বীমা লাভ করতে পারেন ?

ফ্রান্সে চিকিৎসা সেবার খরচ দিতে হবে **কিন্তু আপনার সার্বিক পরিস্থিতি সাপেক্ষে আপনি চিকিৎসা বীমা লাভ করতে পারেন যেটার মাধ্যমে আপনার এবং আপনার পরিবারের স্বাস্থ্য সেবার আংশিক বা সম্পূর্ণ খরচ বহন করা হতে পারে। আপনার CPAM (আপনার বাসস্থানের স্বাস্থ্য বীমা সংক্রান্ত প্রাথমিক কাউন্টার) বরাবর** অথবা ৩৬৪৬ নম্বরে টেলিফোন করে অথবা www.ameli.fr এবং www.complementaire-sante-solidaire.gouv.fr ওয়েবসাইটে বিস্তারিত তথ্য এবং ফর্মের জন্য অনুরোধ করতে পারেন।

জরুরী

- ✓ **যদি আপনার সন্তানসন্ততির চিকিৎসা সেবার প্রয়োজন হয়ঃ** আপনি যদি আবেদন না করে থাকেন অথবা আপনার আবেদন যদি বিবেচনাধীন হয়ে থাকে, তথাপি আপনি সংশ্লিষ্ট ফর্ম পূরণ করে প্রাসঙ্গিক নথিপত্র এবং চিকিৎসার খরচের বিল সংযুক্ত করে আপনার CPAM বরাবর অনুরোধ করতে পারেন যেন অনতিবিলম্বে আপনার সন্তানের চিকিৎসা সেবার দায়িত্ব নেয়া হয়।
- ✓ **আপনাকে একটি স্থায়ী ঠিকানা প্রদান করতে হবে** অথবা স্থায়ী কোন ঠিকানা না থাকলে অনতিবিলম্বে এমন কোন প্রতিষ্ঠানকে (যেমন CCAS) যোগাযোগ করতে হবে যারা আপনাকে চিঠিপত্র গ্রহণ করার জন্য একটি ঠিকানা দেবার ব্যবস্থা করবে।

আপনার আবাসিক পারমিট আছে। আপনার চিকিৎসা সেবার দায়িত্ব যেন গ্রহণ করা হয় সেজন্য আপনাকে দুইটি বীমা গ্রহণ করতে হবেঃ

1) আপনার স্বাস্থ্য বীমাঃ

এর মাধ্যমে আপনার স্বাস্থ্য সেবার খরচের আংশিক কিছু টাকা ফেরত পেতে পারেন। CPAM বরাবর ফর্ম চেয়ে পাঠান এবং আনুষঙ্গিক নথিপত্র সংযুক্ত করে দিন। আপনার আবেদন অনুমোদন করা হলে আপনি একটি ডকুমেন্ট লাভ করবেন যাতে লেখা থাকবে « অধিকারের সত্যায়িত দলিল », এরপর একটি কার্ড পাঠানো হবে যেটার নাম « কার্ট ভিতাল » যেটা আপনাকে আপনার চিকিৎসকের কাছে, হাসপাতালে, ফার্মেসি ইত্যাদি স্থানে প্রদর্শন করতে হবে যেন আপনাকে খরচের আংশিক টাকা ফেরত দেয়া হয়।

2) আপনার অতিরিক্ত বীমাঃ

এর মাধ্যমে আপনি খরচের অধিকতর টাকা ফেরত পেতে পারেন, আংশিক বা সম্পূর্ণ পরিমাণে। এটা নির্ভর করবে **আপনার আয় রোজগার এবং আপনি যে চুক্তি করেছেন তার ওপর।**

- **আপনার উপার্জন যদি কম হয়ঃ** নিজের তরফ থেকে যেন কোন খরচ বহন করতে না হয় সেটার জন্য বিনামূল্যে আপনি **অতিরিক্ত স্বাস্থ্য সেবা (C2S)** গ্রহণ করতে পারেন। নিজের চিকিৎসক, হাসপাতাল অথবা ফার্মেসীতে আপনাকে কোন টাকা দিতে হবে না, সেগুলোর খরচ সরাসরিভাবে গ্রহণ করা হবে। CPAM এর কাছে ফর্মের জন্য অনুরোধ করুন।
- **আপনার উপার্জন যদি একটু বেশী হয়ঃ** আপনি **তবুও C2S** সেবা লাভ করতে পারেন যদি আপনি আপনার বয়স অনুযায়ী আংশিক কিছু খরচ প্রদান করতে পারেন। আপনি খরচভার সম্পূর্ণ বহন করতে পারেন বা না পারেন তাতে বীমার পরিধির কোন তারতম্য হবে না। CPAM এর কাছে ফর্মের জন্য অনুরোধ করুন।
- **যদি আপনার উপার্জন** C2S সেবা লাভ করার যোগ্যতার চাইতে **অনেক বেশী হয়ঃ** আপনার চিকিৎসা সেবার খরচের অধিক পরিমাণ টাকা ফেরত পাবার জন্য আপনি কোন মিউচুয়াল ফান্ড বা বীমা গ্রহণ করতে পারেন। এই প্রসঙ্গে বিস্তারিত জানার জন্য মিউচুয়াল ফান্ডে সরাসরি যোগাযোগ করুন।

আমি শরণার্থী / শিক্ষার্থী / ফ্রান্সে অবস্থানরত এমন কোন ব্যক্তির পরিবারের সদস্য যার ইতিপূর্বে স্বাস্থ্য বীমা করা আছেঃ	**আমি পারিবারিক বা সামাজিক ভাতা লাভ করি (RSA, পারিবারিক ভাতা, আবাসিক সাহায্য, AAH...)**	**ফ্রান্সে আমার একটি চাকরি আছেঃ**	**আমার পরিস্থিতি অন্যরকমঃ**
ফ্রান্সে আগমনের সাথে সাথে আমি আমার স্বাস্থ্য বীমার সেবা গ্রহণ করতে পারি। **ফ্রান্সে ৩ মাস অবস্থান না করেই** আমি আমার CPAM বরাবর আবেদন করতে পারি।	ফ্রান্সে আগমনের সাথে সাথে আমি আমার স্বাস্থ্য বীমার সেবা গ্রহণ করতে পারি। **ফ্রান্সে ৩ মাস অবস্থান না করেই** আমি আমার CPAM বরাবর আবেদন করতে পারি।	**আমার কাজ শুরু হবার সাথে সাথেই আমি বীমা সেবার আওতাধীন।** ফ্রান্সে ৩ মাস অবস্থান না করেই আমি আমার CPAM বরাবর আবেদন করতে পারি।	**আমার CPAM বরাবর আবেদন করার পূর্বে ফ্রান্সে আমাকে ৩ মাসের বেশী সময় ধরে অবস্থান করতে হবে।** আমার আবাসিক পরিস্থিতি সংক্রান্ত প্রমাণপত্র আমি নথিপত্রের সাথে সংযুক্ত করে দিব।

CPAM বরাবর আপনার স্বাস্থ্য বীমার আবেদন করার জন্য (যেটার এক কপি নিজের কাছে রাখুন) -

- ✓ ফ্রান্সে অবস্থানরত দেখাশোনার দায়িত্ব আপনার এমন সকল ব্যক্তির নাম ফর্মে উল্লেখ করুন যেন তারাও বীমা সেবার আওতায় থাকেন।
- ✓ ফ্রান্সে ৩ মাসের অধিক সময় ধরে আপনার অবস্থান করার যাবতীয় প্রমাণ প্রদান করুন, প্রয়োজন সাপেক্ষে আপনার নাম এবং তারিখ উল্লেখ করা আছে এমন নথিপত্র প্রদান করুন (উদাহরণঃ বাড়িভাড়ার রসিদ, টেলিফোন বিল, চিকিৎসকের দেয়া কোন প্রেসক্রিপশন, কোন প্রতিষ্ঠান কর্তৃক করা সত্যায়িত সনদ...)
- ✓ চিকিৎসা সেবার বিল থাকলে তা সংযুক্ত করে দিন যেন আপনার আবেদন অগ্রাধিকার সহকারে পর্যালোচনা করা হয় এবং সম্ভব হলে আপনার খরচের টাকা ফেরত দেয়া হয়।